


তথ্যপ্রযুক্তি ক্যাডার সমর্থন করি : মোস্তাফা জব্বার



অনলাইন ডেস্ক

প্রকাশ : ১২ সেপ্টেম্বর ২০২০, ১৫ :১০



কম্পিউটার সোসাইটি আয়োজিত 'চতুর্থ শিল্পবিপ্লব এবং ডিজিটাল বাংলাদেশ' শীর্ষক ওয়েবিনারে বক্তারা। ছবি : সংগৃহীত

ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, দেশে তথ্যপ্রযুক্তির ক্যাডার তৈরির বিষয়টি গুরুত্বপূর্ণ। এ জন্য তাঁর পূর্ণ সমর্থন রয়েছে। কম্পিউটার পেশাজীবীদের জন্য পৃথক ক্যাডার খোলার ব্যাপারে তিনি পদক্ষেপ অব্যাহত রাখবেন।

গতকাল শুক্রবার দেশের তথ্যপ্রযুক্তিবিদদের পুরোনো সংগঠন বাংলাদেশ কম্পিউটার সোসাইটি আয়োজিত 'চতুর্থ শিল্পবিপ্লব এবং ডিজিটাল বাংলাদেশ' শীর্ষক ওয়েবিনারে প্রধান অতিথির বক্তব্যে মোস্তাফা জব্বার এ কথা বলেছেন।

বিজ্ঞাপন



ওয়েবিনারে দেশের শিক্ষাবিদ, অধ্যাপক ও তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞরা তাঁদের আলোচনায় আগামী বাংলাদেশ প্রযুক্তির দিক দিয়ে বিশ্বের মধ্যে অগ্রগণ্য ভূমিকা রাখবে বলে তুলে ধরেন। বাংলাদেশ কম্পিউটার সোসাইটির প্রেসিডেন্ট অধ্যাপক হাফিজ মুহম্মদ হাসান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

অনুষ্ঠানে আলোচক অধ্যাপক রামেশ্বর দেবনাথ ডিজিটাল বাংলাদেশের প্রেক্ষাপট ও চতুর্থাংশ বিপ্লবের অগ্রযাত্রার কথা তুলে ধরেন। আলোচক হিসেবে আরও ছিলেন অধ্যাপক নাসিম আখতার ও অধ্যাপক শামসুল আরেফিন।

মন্ত্রী বলেন, ‘অতীতের তিনটি শিল্পবিপ্লবে পিছিয়ে থাকা কৃষিভিত্তিক একটা দেশকে ডিজিটাল করাটা বড় চ্যালেঞ্জ ছিল। গত ১১ বছরের বাংলাদেশ বিশ্বের দৃষ্টান্ত স্থাপনকারী দেশ হিসেবে গৌরব অর্জন করেছে। আমাদের সম্ভাবনাময় প্রতিভাকে কাজে লাগাতে হবে ডিজিটাল প্রযুক্তির বিকাশে।’

বিজ্ঞাপন



Layer

মম্পর্কের মিস্তি ম্যাজিক

Click to buy

বাংলাদেশ কম্পিউটার সোসাইটির প্রেসিডেন্ট বলেন, ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ ইতিমধ্যে অনেক দূর এগিয়ে গেছে। চতুর্থ শিল্পবিপ্লবকে কাজে লাগিয়ে বাংলাদেশের উন্নয়নের ধারাকে আরও বেগবান করতে হবে। এ ক্ষেত্রে এগিয়ে যেতে তথ্যপ্রযুক্তিবিদদের নানামুখী সমস্যা সমাধান করতে হবে।

কম্পিউটার সোসাইটির কাউন্সিলর জারায়ফাত ইসলামের সঞ্চালনায় ওয়েবিনার আরও বক্তব্য দেন বাংলাদেশ কম্পিউটার সোসাইটির মহাসচিব তমিজ উদ্দীন আহমেদ, বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছাদেকুল আরেফিন প্রমুখ।

মোস্তাফা জব্বার তথ্যপ্রযুক্তি

মন্তব্য পড়ুন ০



এ সম্পর্কিত আরও খবর

যে ২ অনলাইন প্রতারণার বিষয়ে সতর্ক থাকবেন

১ দিন আগে

ইনোভেটর্সের চতুর্থ আসরের নিবন্ধন শুরু

